

# কিন্ডারগার্টেনের বৃত্তি পরীক্ষা বাতিল করে বৈষম্য করেছে আমলারা : শিক্ষক সমাবেশে গিয়াস উদ্দিন

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

: শনিবার, ০৯ আগস্ট ২০২৫



কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বাতিল করে সরকারি পরিপত্রের সমালোচনা করে নারায়ণগঞ্জ-৪ আসনের সাবেক সংসদ সদস্য ও বিএনপি নেতা মুহাম্মদ গিয়াসউদ্দিন বলেছেন, কিন্ডারগার্টেনের বৃত্তি পরীক্ষা বাতিল করে বৈষম্য করেছে আমলারা।

আজ শনিবার সকালে নারায়ণগঞ্জ বেসরকারী স্কুল ও কিন্ডারগার্টেন শিক্ষক সমিতি আয়োজিত শিক্ষকদের এক সমাবেশে এসব কথা বলেন মুহাম্মদ গিয়াসউদ্দিন। বেসরকারি স্কুল ও কিন্ডারগার্টেনগুলোর সমস্যা নিয়ে এ সমাবেশের আয়োজন করা হয় ক্যাম্ব্ৰিয়ান স্কুল এন্ড কলেজ মিলনায়তনে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃব্য রাখেন মুহাম্মদ গিয়াসউদ্দিন।

তিনি বলেন, “অন্তর্বর্তীকালীন সরকারের কাছে মানুষের অনেক আকাঙ্ক্ষা ও প্রত্যাশা। কিন্তু এই সরকারকে দিয়ে আমলারা একটি বৈষম্যমূলক কাজ করিয়ে নিলো। বৃত্তি পরীক্ষার ক্ষেত্রে কিন্ডারগার্টেনের

শিক্ষার্থীদের বাদ দিয়ে বৈষম্য নিশ্চিত করেছেন আমলারা। অথচ এই সরকারের জন্মই বৈষম্যবিরোধী আন্দোলন থেকে।”

শিক্ষক সমাবেশে বিভিন্ন বেসরকারি স্কুল ও কিন্ডারগার্টেনের শিক্ষক অংশ নেন। আলোচনায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর নানা সমস্যার কথা উঠে আসে।

গিয়াস উদ্দিন বলেন, “কিন্ডারগার্টেনগুলোর শিক্ষার্থীরা ভালো ফলাফল করছে বলেই অভিভাবকরা তাদের সেখানে পড়তে দিচ্ছেন। কেননা অভিভাবকরা চান ভালো ফলাফল। কিন্তু আমলারা প্রাথমিক বিদ্যালয়গুলোর সঙ্গে কিন্ডারগার্টেনের প্রতিযোগিতা চান না, কেননা তাতে প্রাথমিক বিদ্যালয়গুলোতে তাদের শিক্ষার নিম্ন-মান ধরা পড়ে যাবে। তাই এই প্রতিযোগিতামূলক পরীক্ষা থেকে বাদ দিতে চায় আমাদের। কিন্তু প্রতিযোগিতা না থাকলে কখনোই শিক্ষার মান উন্নয়ন সম্ভব না।”

মতবিনিময় সভায় সংগঠনের সভাপতি কাউচার মাহমুদের সভাপতিত্বে এবং মিয়া মো. আব্দুল্লাহ মুজিবের সঞ্চালনায় আরও বক্তৃব্য রাখেন বাংলাদেশ কিন্ডারগার্টেন মালিক এক্য পরিষদের সাধারণ সম্পাদক মো. বাহাউদ্দিন, সাংগঠনিক সম্পাদক কাউচার আহমেদ, এ সংগঠনের জেলা সভাপতি সাখাওয়াত হোসেন খান, ক্যাম্ব্ৰিয়ান স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ আব্দুল কাইয়ুম, বিশিষ্ট সাংবাদিক আনিসুর রহমান প্রমুখ।